

আনন্দবাজার পত্রিকা

21 November, 2013

হাটুর চিকিৎসায়। কম্পিউটারের সাহায্যে সামান্য কাটাছেঁড়ায় হাটু প্রতিস্থাপনের নতুন যন্ত্র উদ্ভোধন হল। বুধবার, বেলভিউ নার্সিংহোমে। নার্সিংহোমের জয়েন্ট রিপ্লেসমেন্ট কেন্দ্রের প্রধান চিকিৎসক সন্তোষ কুমার যন্ত্রটির সাহায্যে এ দিনই হাতেকলমে হাটু প্রতিস্থাপন করে দেখান। পরে সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, “প্রথাগত অস্ত্রোপচারের অন্তত তিন দিন পরে রোগী নিজে দাঁড়াতে পারেন। এ ক্ষেত্রে অস্ত্রোপচারের দিনেই রোগী দাঁড়াতে পারেন। তৃতীয় দিনে তাঁর হাসপাতাল থেকে ছুটি হয়ে যায়। এ ক্ষেত্রে কাটাছেঁড়া, রক্তক্ষরণ অনেক কম। চিকিৎসার খরচও কম।”